গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
**www.mor.gov.bd**

**বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | হাসান মাহমুদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার<br>রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১০ নভেম্বর ২০২২ |
| সময় | : | সকাল ১০:৩০ টা |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯৩০) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ‘ক’। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, প্রাপ্ত উদ্ভাবনী ধারণা বাছাইকরণের নিমিত্ত অদ্য সভায় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং তিনি উর্ধ্বতন কর্মকর্তাগণের উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার (২০২২-২০২৩) ক্রমিক নং-১.১ অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম ০১ (এক) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে প্রাপ্ত মোট ১১ (এগার) টি উদ্ভাবনী ধারণা নিম্নরূপঃ

| ক্রমিক | উদ্ভাবনের নাম | উদ্ভাবকের নাম |
|---|---|---|
| ০১। | বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন আদালতে চলমান মামলাসমূহের ডাটাবেজ প্রস্তুত এবং উচ্চ আদালতে চলমান মামলাসমূহের দৈনন্দিন কজলিস্ট পাওয়ার জন্য সফটওয়্যার বা অ্যাপস তৈরী | জনাব মোঃ ফারুকুজ্জামান, অতিরিক্ত সচিব<br>রেলপথ মন্ত্রণালয় |
| ০২। | আন্ত:নগর ট্রেনে দাঁড়ানো (Standing) যাত্রীদের জন্য পৃথক কোচ সংযোজন | জনাব মোঃ তৌফিক ইমাম, উপসচিব<br>রেলপথ মন্ত্রণালয় |
| ০৩। | NTR (Non-Tax Revenue) ও Asset Management Database Software প্রণয়ন | জনাব মোঃ নাজমুল হক, উপসচিব<br>রেলপথ মন্ত্রণালয় |
| ০৪। | Wireless communication & switching device for warning bell & flasher at manned/unmanned gate | জনাব অসীম কুমার তালুকদার, মহাব্যবস্থাপক (পশ্চিম)<br>বাংলাদেশ রেলওয়ে |
| ০৫। | অটোমেটিক কন্ট্রোল চার্ট প্লটিং বা ড্রয়িং প্রবর্তন | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর)<br>বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ০৬। | বাংলাদেশ রেলওয়েতে নতুন বানিজ্যিক কার্যক্রম প্রবর্তন | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর)<br>বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ০৭। | কল সেন্টার স্থাপন/প্রতিষ্ঠা করা | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর)<br>বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ০৮। | টিসি বা টিটিইদের টাকা আদায় বা জমা দেওয়ার ক্ষেত্রে স্বচ্ছ, জবাবদিহিতামূলক ও ডিজিটাল সিস্টেম প্রবর্তন | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর)<br>বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ০৯। | বাংলাদেশ রেলওয়ের একটা মোবাইল ফাইনান্সিয়েল বিসনেস একাউন্ট চালুকরণ | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর)<br>বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ১০। | টিকেট সংগ্রহের সময় বিন্যসকরণ | জনাব হযরত আলী ইমন<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সিএসটিই (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ১১। | সাইবার সেল/আইসিটি সেল কার্যকরকরণ | জনাব খোন্দকার আবীর মেহেদী<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সিএসটিই (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |

০২। সভাপতি জানান যে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা হতে Short listing করে পরবর্তীতে সচিব, রেলপথ মন্ত্রণালয়ের উপস্থিতিতে উদ্ভাবকগণ সম্ভাব্য বাজেটসহ বিস্তারিত উপস্থাপন করবেন। উক্ত উদ্ভাবনী ধারণা হতে ২/১ টি ধারণা চূড়ান্তকরণ পূর্বক বাস্তবায়ন করতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) সভায় জানান যে, উদ্ভাবনী ধারণাসমূহ যাতে সময়োপযোগী , বাস্তবায়নযোগ্য এবং Sustainable হয় সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে। নির্বাচিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের মাধ্যমে রেলকে আরও জনবান্ধব হিসেবে গড়ে তুলতে হবে।

০৩। জনাব মোঃ ফারুকুজ্জামান, অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় সেবা সহজীকরণ সংক্রান্ত একটি প্রস্তাব/উদ্ভাবনী ধারণা সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, উক্তরূপ সফটওয়্যার মহামান্য হাইকোর্টে চলমান রয়েছে। এ বিষয়ে প্রয়োজনে A2i এর সহযোগিতা চাওয়া যেতে পারে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।

০৪। সভায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণা পর্যালোচান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ**

**(ক)** জনাব মোঃ ফারুকুজ্জামান, অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত সেবা সহজীকরণ/উদ্ভাবন সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে A2i এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে।

**(খ)** উপস্থাপিত ১১ (এগার) টি উদ্ভাবনী ধারণা হতে নিম্নোক্ত ০৪ (চার) টি ধারণা প্রাথমিকভাবে বাছাই করা হয় এবং চূড়ান্তভাবে নির্বাচনের জন্য এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিকট উপস্থাপনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবকের নাম |
|---|---|---|
| ১. | Wireless communication & switching device for warning bell & flasher at manned/unmanned gate | জনাব অসীম কুমার তালুকদার,মহাব্যবস্থাপক(পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে |
| ২. | স্টেশনের ট্রেন ইনফরমেশন ডিসপ্লে সিস্টেম এবং অটোমেটিক কন্ট্রোল চার্ট প্লটিং বা ড্রয়িং প্রবর্তন | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |
| ৩. | NTR (Non-Tax Revenue) ও Asset Management Database Software প্রণয়ন | জনাব মোঃ নাজমুল হক, উপসচিব রেলপথ মন্ত্রণালয় |
| ৪. | টিসি বা টিটিইদের টাকা আদায় বা জমা দেওয়ার ক্ষেত্রে স্বচ্ছ, জবাবদিহিতামূলক ও ডিজিটাল সিস্টেম প্রবর্তন | জনাব আহমেদ ইশতিয়াক জহুর, ডিএসই (সদর) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |

**(গ)** বর্ণিত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী সভায় সম্ভাব্য বাজেটসহ পূর্ণাঙ্গরূপে উপস্থাপনের জন্য উদ্ভাবকগণকে অনুরোধ করা হয় এবং সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের উপস্থিতিতে উক্ত সভা আহ্বান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(হাসান মাহমুদ)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
রেলপথ মন্ত্রণালয়